করোনাভাইরাস (COVID-19) টিকাদান

ইংল্যান্ড, স্কটল্যান্ড এবং ওয়েলস

করোনাভাইরাস (COVID-19) টিকাদান নিরাপদ এবং কার্যকর। এটি আপনাকে করোনাভাইরাসের বিরুদ্ধে সবচেয়ে ভাল সুরক্ষা দেয়।

সংস্করণ 1 (03.03.2021 তারিখে আপডেট করা হয়েছে)

বাংলা | BENGALI

সূচিপত্র

কারা COVID-19 টিকা পেতে পারেন? 2
কিভাবে COVID-19 টিকা দেওয়া হয় 3
কিভাবে COVID-19 টিকা নিতে হবে..... 4
COVID-19 টিকা কতটা নিরাপদ?..... 6
COVID-19 টিকা কতটা কার্যকর?..... 7
COVID-19 টিকার পার্শ্বপ্রতিক্রিয়া..... 7
COVID-19 টিকার উপকরণ 8
আরো তথ্য..... 8

কারা COVID-19 টিকা পেতে পারেন?

NHS প্রদত্ত COVID-19 টিকা অভিবাসন স্থিতি নির্বিশেষে, ইংল্যান্ড, স্কটল্যান্ড এবং ওয়েলসের সকল প্রাপ্তবয়স্কদের জন্য বিনামূল্যে উপলব্ধ হবে। এর মধ্যে সরকারি অনুদানপ্রাপ্ত নয় (NRPF) এমন ব্যক্তরাও অন্তর্ভুক্ত। NHS বর্তমানে সেইসব ব্যক্তিদের COVID-19 টিকা দিচ্ছেন যারা করোনাভাইরাসের ঝুঁকিতে সবচেয়ে বেশি আছেন।

কয়েকটি ফার্মেসি, GP পরিচালিত স্থানীয় টিকাদান কেন্দ্র এবং বৃহত্তর টিকাদান কেন্দ্রগুলিতে টিকা দেওয়ার ব্যবস্থা করা হয়েছে।

NHS ক্লিনিকাল ঝুঁকিতে থাকা, মূলত বিদ্যমান চিকিৎসাগত অবস্থার ভিত্তিতে থাকা এবং বয়স্ক থেকে তরুণ এই বয়স গোষ্ঠীর লোকেদের উক্ত ক্রমে টিকা প্রদান করবে। কিছু ব্যক্তির অন্যদের চেয়ে COVID-19 এর থেকে গুরুতর জটিলতার ঝুঁকি আরো বেশি।

এটি দেওয়া হচ্ছে:

- 55 বছর বা তার বেশি বয়সীদের
- করোনাভাইরাসের থেকে উচ্চ ঝুঁকিতে থাকা ব্যক্তিদের (দীর্ঘকালব্যাপী স্বাস্থ্য সমস্যায় ভোগা ব্যক্তিরা)
- বিদ্যমান চিকিৎসাগত সমস্যার (যেমন COPD. হাঁপানি, হার্টের সমস্যা, কিডনি বা লিভারের রোগ, ডায়াবেটিস এবং অন্যান্য দীর্ঘকালব্যাপী স্বাস্থ্য সমস্যা) কারণে করোনাভাইরাস থেকে উচ্চতর জটিলতার ঝুঁকিতে থাকা ব্যক্তিদের
- সেবা গৃহ বা কেয়ার হোমে বসবাসকারী বা কর্মরত ব্যক্তিদের
- স্বাস্থ্য এবং সমাজ সেবা কর্মীদের
- শেখার অক্ষমতা আছে এমন ব্যক্তিদের
- কেয়ারার'স অ্যালাওয়েন্স (পরিচর্যাকারীর ভাতা)-এর জন্য যোগ্য ব্যক্তিদের

বৃটেন সরকারের লক্ষ্য হল জুলাই মাসের শেষের মধ্যে সমস্ত বয়স্কদের একটি টিকার প্রথম ডোজ প্রদান করা।

ইংল্যান্ড:বয়স্কদের জন্য COVID-19 টিকাদান সম্পর্কিত সাম্প্রতিক তথ্য পড়ুন

স্কটল্যান্ড:বয়স্কদের জন্য COVID-19 টিকাদান সম্পর্কিত সাম্প্রতিক তথ্য পড়ুন

ওয়েলস:বয়স্কদের জন্য COVID-19 টিকাদান সম্পর্কিত সাম্প্রতিক তথ্য পড়ুন

আপনি এখনও যোগ্য না হলে

আপনার সাথে যোগাযোগ করার জন্য অপেক্ষা করুন। কখন আপনার টিকা নেওয়ার সময় আসবে NHS তা আপনাকে জানাবে।

ইংল্যান্ড:COVID-19 যোগ্যতা এবং টিকা সরবরাহ সম্পর্কে সাম্প্রতিক তথ্য পড়ুন

টিকাটি কি সকলের জন্য উপযুক্ত?

আপনি গর্ভবতী হলে COVID-19 টিকা যে নিরাপদ নয় এমন কোনো প্রমাণ পাওয়া যায় নি। কিন্তু এটি নিয়মিতভাবে আপনাকে প্রদান করার আগে আরো প্রমাণ প্রয়োজন।

টিকাদান ও টিকাকরণের যুগ্ম কমিটি সুপারিশ করার জন্য কিছু পরামর্শ আপডেট করেছে যা আপনি বিবেচনা করতে পারেন গর্ভবতী হলে এবং:

- আপনি যেখানে কাজ করেন তার কারণে করোনাভাইরাসে আক্রান্ত হওয়ার উচ্চ ঝুঁকিতে থাকলে
- স্বাস্থ্য সমস্যা অর্থাৎ আপনি করোনাভাইরাসের গুরুতর জটিলতার উচ্চ ঝুঁকিতে থাকলে

টিকাদানের পরে আপনাকে গর্ভাবস্থা এড়িয়ে যেতে হবে না। টিকায় কোনো জীবন্ত ভাইরাস নেই এবং এর থেকে আপনার বা আপনার বাচ্চার COVID-19 সংক্রমণ হবে না। COVID-19 টিকার ফার্টিলিটিকে প্রভাবিত করার কোনো প্রমাণ নেই।

আপনি স্তন্যপান করানোর সময়ও COVID-19 টিকা নিতে পারেন। টিকা নেওয়ার আগে স্বাস্থ্যসেবা কর্মীর সাথে কথা বলে নিন। তারা আপনার সাথে উপকারিতা এবং ঝুঁকি নিয়ে আলোচনা করবেন।

ইংল্যান্ড:আপনি গর্ভবতী হলে, গর্ভবতী হওয়ার সম্ভাবনা থাকলে বা স্তন্যপান করালে, COVID-19 সংক্রান্ত সাম্প্রতিক পরামর্শ পড়ুন

স্কটল্যান্ড:আপনি গর্ভবতী হলে, গর্ভবতী হওয়ার সম্ভাবনা থাকলে বা স্তন্যপান করালে, COVID-19 সংক্রান্ত সাম্প্রতিক পরামর্শ পড়ুন

ওয়েলস:আপনি গত্ভবতী হলে, গর্ভবতী হওয়ার সম্ভাবনা থাকলে বা স্তন্যপান করালে, COVID-19 সংক্রান্ত সাম্প্রতিক পরামর্শ পড়ুন

এই একই টিকার আগের কোনো ডোজে অথবা টিকায় থাকা উপকরণগুলির কোনটির জন্য আপনার আগে কখনও গুরুতর অ্যালার্জিক প্রতিক্রিয়া (অ্যানাফিল্যাক্সিস সহ) হয়ে থাকলে আপনার COVID-19 টিকা নেওয়া উচিৎ নয়।

যাদের অন্যাক্রম্যতাও এইচআইভি সংক্রমণ (CD4 কাউন্ট নির্বিশেষে) আছে তাদের টিকা দেওয়া উচিৎ।

রক্ত তঞ্চন বা রক্তপাত সংক্রান্ত রোগে ভোগা ব্যক্তিরাও টিকা পেতে পারেন কিন্তু সেটি যেন তাদের চিকিৎসার সঠিক সময়ে দেওয়া তা নিশ্চিত করার জন্য তাদের পরিচর্যা প্রদানকারীর সাথে পরামর্শ করতে পারেন।

কিভাবে COVID-19 টিকা দেওয়া হয়

সবকটি COVID-19 টিকা আপনার বাহুর উপর দিকে একটি ইঞ্জেকশন হিসেবে দেওয়া হয়। এর দুটি ডোজ আছে। প্রথম ডোজ নেওয়ার তিন থেকে 12 সপ্তাহ পরে আপনাকে দ্বিতীয় ডোজ নিতে হবে।

আপনার প্রথম টিকা নেওয়ার সময় আপনাকে টিকা সম্পর্কে বিস্তারিত লেখা একটি ছোট কার্ড দেওয়া হবে। আপনাকে এটি ভাল করে রেখে দিতে হবে। আপনাকে অন্য কোনো টিকাদান কেন্দ্রে আপনার দ্বিতীয় টিকা নিতে হলে আপনি যাতে সঠিক ধরণের টিকা পান তা এই কার্ডের মাধ্যমে নিশ্চিত করা যাবে।

কিভাবে COVID-19 টিকা নিতে হবে

NHS প্রদত্ত COVID-19 টিকা অভিবাসন স্থিতি নির্বিশেষে, বৃটেনের সকল প্রাপ্তবয়স্কদের জন্য বিনামূল্যে উপলব্ধ রকরা হবে।

আপনি কোনো জেনারেল প্র্যাক্টিশনাররের (GP) সাথে নিবন্ধিত থাকলে টিকা পাওয়া সহজ হবে। এটি আপনার কাছে যেন একটি NHS নম্বর থাকা এবং আপনি যোগ্য হলে (বয়স বা ক্লিনিকাল অবস্থার ভিত্তিতে) টেকটি টিকাদানের অ্যাপয়েন্টমেন্ট বুক করা নিশ্চিত করবে। একজন GP-এর সাথে নিবন্ধন করার মানে হল আপনি অন্যান্য স্বাস্থ্য এবং পরিচর্যা পরিষেবাও অ্যাক্সেস করতে পারবেন।

GP হলেন পরিবারিক ডাক্তার। ইংল্যান্ড, স্কটল্যান্ড ও ওয়েলস-এ সকলেই GP-এর সাথে নিবন্ধন করতে এবং অভিবাসন স্থিতি নির্বিশেষে, বিনামূল্যে প্রাথমিক পরিচর্যা পরিষেবা পেতে পারেন।

আপনি বর্তমানে কোনো GP-এর সাথে নিবন্ধিত না হলে আপনাকে এখনই একজন স্থানীয় GP খুঁজে বের করে নিবন্ধন করতে হবে, এমনকি আপনি এখন টিকার জন্য যোগ্য না হলেও। আপনি ইংল্যান্ড, স্কটল্যান্ড বা ওয়েলস-এর জন্য NHS ওয়েবসাইটগুলি ব্যবহার করে আপনি যেখানে থাকেন তার কাছাকাছি একজন GP খুঁজে বের করতে পারেন অথবা আপনি আপনার স্থানীয় GP কে টেলিফোন করে একজন রোগী হিসেবে নিবন্ধিত করার কথা বলতে পারেন।

GP ডাক্তারখানা কেবল তাদের স্থানীয় এলাকাতে বসবাসকারীদের জন্যই নিবন্ধিত করতে পারে। আপনি GP ডাক্তারখানার সীমানার বাইরে বাস করলে আপনি যেখানে থাকেন তার কাছাকাছি অন্য একজন GP খুঁজে বের করতে হবে।

একজন GP-এর সাথে নিবন্ধন করতে আপনাকে একটি ফর্ম পূরণ করতে হবে। আপনি অনলাইনে নিবন্ধন করতে পারেন কিনা তা GP ডাক্তারখানা ওয়েবসাইট থেকে দেখে নিতে পারেন। আপনাকে একজন স্থায়ী রোগী (সাময়িক রোগী নয়) হিসেবে নিবন্ধন করার কথা বলতে হবে। আপনার প্রয়োজন হলে ফর্ম পূরণ করায় আপনি GP ডাক্তারখানার সাহায্য চাইতে পারেন।

একজন GP-এর সাথে নিবন্ধিত হওয়ার জন্য আপনার কোন নথিপত্র প্রয়োজন হবে?

কিছু ডাক্তারখানা নিবন্ধন করার উদ্দেশ্যে হয়তো আপনাকে ঠিকানার প্রমাণ, পরিচয়পত্রের প্রমাণ বা অভিবাসন স্থিতির প্রমাণ বা একটি NHS নম্বরের মতো নথিপত্র প্রদান করতে বলতে পারে, কিন্তু আপনি তাদের প্রদান করতে না পারলে তারা নিবন্ধন করতে অস্বীকার করতে পারবে না।

আপনি এইসব নথিপত্র প্রদান না করতে পারলে, আপনাকে বলতে হবে যে আপনার কাছে এইসব নথিপত্র নেই কিন্তু আপনি কেন্দ্রের সীমানার ভিতরেই বাস করেন এবং GP-এর সাথে একজন রোগী হিসেবে নিবন্ধিত হতে চান।

কোনো GP-এর সাথে নিবন্ধন করাকালীন আপনি কোনো সমস্যার সম্মুখীন হলে, নিম্নলিখিত রিসোর্সগুলি আপনাকে সাহায্য করতে পারে। আপনি অনলাইনে নিবন্ধন করার সময় নথিপত্র চাওয়া হলে, আপনি রিসোর্সগুলি GP ডাক্তারখানার কাছে ইমেইল করতে পারেন:

- NHS ইংল্যান্ড নথিপত্র নেই এমন ব্যক্তিদের ইংল্যান্ডে কোনো GP-এর সাথে নিবন্ধন করতে সাহায্য করার জন্য হলুদ কার্ড তৈরী করেছে। আপনি নিবন্ধন করার সময় GP রিসেপশনিস্টকে কার্ডটি দেখাতে পারেন। আপনি স্থানীয় দাতব্য কেন্দ্র, ফুডব্যাঙ্ক, আপনার স্থানীয় হেলথওয়াচ বা ডক্টরস অফ দা ওয়ার্ল্ড-এর থেকে একটি হলুদ কার্ড পেতে পারেন।
- স্কটিশ সরকার এই মর্মে স্কটল্যান্ডের GPদের একটি নির্দেশিকা জারি করেছে: "একজন GP-এর সাথে নিবন্ধন করার জন্য কোনো নথিপত্র প্রয়োজন নেই। কোনো রোগী তার পরিচয়পত্র বা ঠিকানার প্রমাণ করতে না পারলে তা সেই রোগীকে নিবন্ধিত করতে অস্বীকার করা বা বিলম্ব করার যুক্তিসঙ্গত কারণ হিসেবে বিবেচনা করা হবে না।"

- বৃটিশ মেডিকেল অ্যাসোসিয়েশন-এর ইংল্যান্ড, স্কটল্যান্ড, ওয়েলস ও নর্দার্ন আয়ারল্যান্ডে ডাক্তারদের জন্য নির্দেশিকা বলে "কোনো রোগী পরিচয়পত্রের নথিপত্র প্রদান করতে না পারলে, তা তাদের নিবন্ধিত করতে অস্বীকার করার যুক্তিসঙ্গত কারণ নয়।"

কোনো GP আপনাকে নিবন্ধিত করতে অস্বীকার করলে, ইংল্যান্ডের রোগীরা 0300 311 2233 নম্বরে কল করতে পারেন। স্কটল্যান্ডের এবং ওয়েলস-এর রোগীদের আপনাদের স্থানীয় স্বাস্থ্য পরিষদের সাথে যোগাযোগ করতে হবে। কোনো GP-এর সাথে নিবন্ধন করায় সাহায্য করার জন্য রোগীরা 0808 1647 686 নম্বরে (বিনামূল্যের ফোন নম্বর) ডক্টরস অফ দা ওয়ার্ল্ড-এর সাথেও যোগাযোগ করতে পারেন।

আপনি গৃহহীন হলে

আপনার স্থায়ী ঠিকানা না থাকলেও আপনি কোনো GP-এর সাথে নিবন্ধন করতে পারবেন। আপনাকে GP কেন্দ্রকে বুঝিয়ে বলতে হবে যে আপনার কোনো স্থায়ী ঠিকানা নেই কিন্তু আপনি স্থানীয় এলাকাতেই বাস করছেন এবং একজন রোগী হিসেবে নিবন্ধন করতে চান। আপনি একটি অস্থায়ী ঠিকানা ব্যবহার করতে পারেন, যা কোন বন্ধুর ঠিকানা বা ডে সেন্টারও হতে পারে, অথবা কেন্দ্রটি আপনাকে কোনো ঠিকানা ছাড়াই নিবন্ধিত করতে পারে।

আপনাকে নিশ্চিত করতে হবে GP-এর আপনার সাথে যোগাযোগ করার প্রয়োজন হলে (যেমন, পরীক্ষার ফলাফলের জন্য) তারা যেন টেলিফোনের মাধ্যমে আপনার সাথে যোগাযোগ করতে পারে।

আপনি শরণার্থী হিসেবে কোনো বাসস্থানে থাকলে

আপনি হোম অফিস বা সাময়িক বাসস্থান যেমন, হোটেলে বাসরত কোনো শরণার্থী হলে, কোনো GP-এর সাথে নিবন্ধন করার সময় এই বাসস্থানের ঠিকানা ব্যবহার করতে হবে এবং বলতে হবে যে আপনে কাছে ঠিকানার কোনো প্রমানপত্র নেই কেননা আপনি হোম অফিসের প্রদান করা একটি আশ্রয় শিবিরে আছেন। GP আপনাকে নিবন্ধন করতে অস্বীকার করলে, আপনাকে আপনার বাসস্থান প্রদানকারী বা মাইগ্রান্ট হেল্প-এর সাথে 0808 8010 503 নম্বরে (বিনামূল্যের ফোন নম্বর) কথা বলতে হবে।

আপনি যদি বুঝতে পারেন যে হোম অফিস আপনাকে নতুন কোনো বাসস্থানে সরিয়ে নিয়ে যাচ্ছে, তাহলে আপনি চলে না যাওয়া পর্যন্ত আপনাকে কোনো বিলম্ব করে COVID-19 টিকা নিয়ে নিতে হবে। আপনি আপনার নতুন বাসস্থানের কাছাকাছি কোনো টিকাদান কেন্দ্র থেকে টিকার দ্বিতীয় ডোজ নিতে পারেন।

আপনার প্রথম টিকাদান অ্যাপয়েন্টমেন্টের সময় আপনাকে দেওয়া ছোট কার্ডটি আপনাকে ভাল করে রাখতে হবে এবং অপ্পনার দ্বিতীয় অ্যাপয়েন্টমেন্টে আপনার সাথে নিয়ে যেতে হবে যাতে টিকাদান কেন্দ্র নিশ্চিত করতে পারে যে আপনাকে সঠিক ধরণের টিকা দেওয়া হচ্ছে।

একটি টিকাদানের অ্যাপয়েন্টমেন্ট বুক করা

ইংল্যান্ড

নিম্নলিখিতের মধ্যে যেকোনো একটি প্রযোজ্য হলে আপনি অনলাইনে আপনার টিকাদানের অ্যাপয়েন্টমেন্ট বুক করতে পারেন:

- আপনার বয়স 55 বছর বা তার বেশি হলে
- করোনাভাইরাসের থেকে উচ্চ ঝুঁকিতে থাকলে (দীর্ঘকালব্যাপী স্বাস্থ্য সমস্যায় ভোগা ব্যক্তিরা)
- বিদ্যমান চিকিৎসাগত সমস্যার (যেমন COPD. হাঁপানি, হার্টের সমস্যা, কিডনি বা লিভারের রোগ, ডায়াবেটিস এবং অন্যান্য দীর্ঘকালব্যাপী স্বাস্থ্য সমস্যা) কারণে করোনাভাইরাস থেকে উচ্চতর জটিলতার ঝুঁকিতে থাকলে
- আপনি একজন যোগ্য ফ্রন্টলাইন স্বাস্থ্য কর্মী হলে
- আপনি একজন যোগ্য ফ্রন্টলাইন সমাজ সেবা কর্মী হলে

- শেখার অক্ষমতা আছে এমন ব্যক্তিদের
- আপনি কেয়ারার'স অ্যালাওয়েন্স (পরিচর্যাকারীর ভাতা)-এর জন্য যোগ্য হলে

আপনি একটি বৃহত্তর টিকাদান কেন্দ্র বা ফার্মাসী যেখানে COVID-19 টিকা প্রদান করা হয় সেখানে একটি অ্যাপয়েন্টমেন্ট বুক করতে পারেন। আপনাকে NHS দ্বারা যোগাযোগ করার জন্য অপেক্ষা করতে হবে না।

আপনি অনলাইনে আপনার COVID-19 টিকাদানের অ্যাপয়েন্টমেন্ট বুক করতে পরেন।

স্কটল্যান্ড

আপনি আপনার অ্যাপয়েন্টমেন্টের বিস্তারিতের সাথে পরে একটি আমন্ত্রণ পত্র বা ফোন কল পাবেন। আপনি অ্যাপয়েন্টমেন্টে যেতে চাইলে, আপনি যে অ্যাপয়েন্টমেন্টে যাবেন তা নিশ্চিত করার জন্য আপনাকে কিছু করতে হবে না। আপনি আপনার অ্যাপয়েন্টমেন্ট পুনরায় নির্ধারিত বা বাতিল করতে পারেন যাতে আপনি অ্যাপয়েন্টমেন্টে না গেলে সেটা অন্য কাউকে দেওয়া যেতে পারে।

ওয়েলস

আপনার টিকা নেওয়ার সময় আসলে, NHS আপনার সাথে সরাসরি যোগাযোগ করবে। আপনাকে হয় টেলিফোনের নয়তো চিঠির মাধ্যমে যোগাযোগ করা হতে পারে।

আমি টিকা নিলে আমাকে কি হোম অফিসে রিপোর্ট করা হবে?

আপনি সকলের জন্য বিনামূল্যের যে NHS পরিষেবা সেটি অ্যাক্সেস করলে, অভিবাসন স্থিতি নির্বিশেষে, হোম অফিসের সাথে আপনার তথ্য শেয়ার করা হবে না। এর মধ্যে GP পরিষেবা ও COVID-19 পরীক্ষা, চিকিৎসা ও টিকাদান পরিষেবা অন্তর্ভুক্ত।

আপনি একজন GP-এর সাথে নিবন্ধন করা বা একটি COVID-19 টিকাদানের অ্যাপয়েন্টমেন্ট বুক করার সময় আপনার অভিবাসনের স্থিতি প্রমাণ করার কথা আপনাকে জিজ্ঞাসা করা হবে না।

করোনাভাইরাস-এর জন্য পরীক্ষা, চিকিৎসা বা টিকাদানের সাথে সম্পর্কিত কিছু NHS হাসপাতাল ও কমুনিটি পরিষেবা নিয়মমাফিক অভিবাসন স্থিতি নেই এমন মানুষদের জন্য বিনামূল্যের নয়। এই পরিষেবাগুলিতে হোম অফিস অভিবাসন বিভাগের সাথে আপনার সম্পর্কে কিছু তথ্য শেয়ার করা হতে পারে যেমন, আপনার নাম, ঠিকানা, জন্ম তারিখ। এটি আপনার বর্তমান অভিবাসন স্থিতি নিশ্চিত করা বা বকেয়া স্বাস্থ্যসেবার চার্জ রিপোর্ট করার জন্য করা হয়। আপনার স্বাস্থ্য সংক্রান্ত তথ্য শেয়ার করা হবে না।

যেসব পরিস্থিতিতে কোনো ব্যক্তি বা জনগণের জন্য নিরাপত্তার উদ্বেগ আছে সেক্ষেত্রে, পুলিশ, আদালত ও সরকারি বিভাগগুলির সাথে NHS কে হয়তো রোগীর তথ্য শেয়ার করতে হতে পারে।

COVID-19 টিকা কতটা নিরাপদ?

বৃটেনে ব্যবহারের জন্য অনুমোদিত টিকাগুলি স্বতন্ত্র ওষুধ ও স্বাস্থ্যসেবা পণ্য নিয়ামক এজেন্সি (MHRA)-এর স্থির করা কঠোর নিরাপত্তা, গুণমান ও কার্যকারিতা পূরণ করে।

যেকোনো অনুমোদিত করোনাভাইরাস টিকাকে অন্যান্য লাইসেন্সপ্রাপ্ত ওষুধের মতোই সকল ক্লিনিকাল পরীক্ষা ও নিরাপত্তা পরীক্ষার মধ্য দিয়ে যেতে হয়। MHRA নিরাপত্তার আন্তর্জাতিক মাপকাঠি অনুসরণ করে।

সমস্ত টিকা সারা বিশ্ব জুড়ে 15,000 থেকে 50,000 মানুষের মধ্যে পরীক্ষা করা হয়েছে। তারা পুরুষ ও মহিলা উভয়ের উপর, ভিন্ন জাতিগত পশ্চাদপট, এবং 18-84-এর মধ্যে সব বয়সের মানুষের উপর পরীক্ষা করা হয়েছে। শিশুদের জন্য টিকাগুলির ব্যবহার সম্প্রসারণ করতে, তারা সংক্রমণ বা অন্যদের ভাইরাসের মাধ্যমে সংক্রামিত হওয়া রশ করার জন্য কতটা কার্যকর তা দেখার জন্য টিকাদান চালু হওয়ার পরেও অধ্যয়ন চলবে। এখনও পর্যন্ত, লক্ষ লক্ষ মানুষকে COVID-19 টিকা দেওয়া হয়েছে এবং গুরুতর পার্শ্বপ্রতিক্রিয়া যেমন, অ্যালার্জিক প্রতিক্রিয়ার রিপোর্ট খুবই কম। কোনো দীর্ঘমেয়াদী জটিলতার রিপোর্ট করা হয় নি।

বৃটেনে অনুমোদিত টিকাগুলি সম্পর্কে আরো জানার জন্য, দেখুন:

- বৃটিশ সরকার: COVID-19 এর জন্য MHRA অনুমোদিত Pfizer/BioNTech টিকা (শুধুমাত্র ইংরেজিতে)
- বৃটিশ সরকার: COVID-19 এর জন্য MHRA অনুমোদিত Oxford/AstraZeneca টিকা (শুধুমাত্র ইংরেজিতে)
- বৃটিশ সরকার: COVID-19 এর জন্য MHRA অনুমোদিত Moderna টিকা (শুধুমাত্র ইংরেজিতে)

COVID-19 টিকা কতটা কার্যকর?

COVID-19 এর যেকোনো টিকার প্রথম ডোজ আপনাকে করোনাভাইরাসের থেকে ভাল সুরক্ষা দেবে। কিন্তু আপনার দীর্ঘকাল স্থায়ী সুরক্ষার জন্য আপনাকে দুটি ডোজ নিতে হবে। আপনি টিকা নিলেও আপনার করোনাভাইরাসে আক্রান্ত হওয়ার বা তা ছড়িয়ে দেওয়ার সম্ভাবনা আছে। এর মানে হল এগুলি করা গুরুত্বপূর্ণ:

- সামাজিক দূরত্ব স্থাপন নির্দেশিকা অনুসরণ করা অব্যাহত রাখা
- পারলে, যেসব জায়গায় অন্য লোকেদের থেকে দূরে থাকা কঠিন সেখানে আপনার নাক ও মুখ ঢাকার জন্য কিছু পরা

COVID-19 টিকার পার্শ্বপ্রতিক্রিয়া

COVID-19 টিকার বেশিরভাগ পার্শ্বপ্রতিক্রিয়াই মৃদু এবং 2-3 দিনের চেয়ে বেশি স্থায়ী হবে না, যেমন:

- যেখানে ছুঁচ ঢোকানো হয়েছিল সেখানে হাতে ব্যাথা
- ক্লান্ত বোধ করা
- মাথাব্যাথা
- সারা শরীরে ব্যাথা বোধ করা
- অসুস্থ বোধ করা বা হওয়া
- গা গরম হওয়া বা জ্বর আসা

আপনার প্রয়োজন হলে, আপনি প্যারাসেটামলের মতো ব্যাথা কমানোর ওষুধ নিতে পারেন।

48 ঘন্টাও বেশি সময় ধরে আপনার বেশি জ্বর থাকলে আপনার করোনাভাইরাস বা অন্য কোনো সংক্রমণ হয়ে থাকতে পারে। কাশি ও গন্ধ বা স্বাদ হারানো টিকার পার্শ্বপ্রতিক্রিয়া নয় তাই আপনার এই লক্ষণগুলি দেখা দিলে আপনাকে অনলাইনে গিয়ে করোনাভাইরাসের জন্য একটি পরীক্ষা করার বন্দোবস্ত করতে হবে।

আপনার লক্ষণগুলি আরো খারাপ হতে থাকলে, 48 ঘন্টারও বেশি স্থায়ী হলে বা আপনি চিন্তিত হলে, আপনার GP কে সকাল ৪টা ঠেলে সন্ধ্যে 6.30টার মধ্যে বা অন্য সময় 111 নম্বরে (এটি একটি বিনামূল্যের নম্বর) কল করুন। আপনি সব প্রশ্নের উত্তরে বারবার “yes” উত্তর দিয়ে আপনার ভাষায় একজন দ্বিভাষী পেতে পারেন।

অ্যালার্জিক প্রতিক্রিয়া

আপনার আগে কখনও গুরুতর অ্যালার্জিক প্রতিক্রিয়া হয়ে থাকলে টিকা নেওয়ার আগে স্বাস্থ্যসেবা কর্মীকে তা জানান। আপনার COVID-19 টিকা নেওয়া উচিৎ নয় যদি অতীতে কখনও নিম্নলিখিতগুলির জন্য আপনার গুরুতর অ্যালার্জিক প্রতিক্রিয়া (অ্যানাফিল্যাক্সিস সহ) হয়ে থাকে:

- একই টিকার পূর্বের ডোজ
- টিকায় থাকা যেকোনো উপকরণ

গুরুতর অ্যালার্জিক প্রতিক্রিয়া বিরল। টিকার জন্য নিতান্তই আপনার প্রতিক্রিয়া দেখা দিলে, সেটা সাধারণত কিছুক্ষণের মধ্যেই দেখা দেয়। টিকাদান কেন্দ্রের কর্মী ও স্বেচ্ছাসেবকরা অ্যালার্জিক প্রতিক্রিয়ার মোকাবিলা করা ও তাদের অবিলম্বে চিকিৎসা করার জন্য প্রশিক্ষিত।

আপনি করোনাভাইরাস হলুদ কার্ড নিরাপত্তা প্রকল্প ব্যবহার করে যেকোনো পার্শ্বপ্রতিক্রিয়া রিপোর্ট করতে পারেন।

COVID-19 টিকার উপকরণ

অনুমোদিত COVID-19 টিকায় কোনো জীবজন্তুর পণ্য বা ডিম থাকে না।

বৃটিশ ইসলামিক মেডিকেল কাউন্সিল সুপারিশ করে যে টিকা নেওয়া যেতে পারে। ক্যাথলিক চার্চ বলেছে COVID-19 টিকা ব্যবহার করা নৈতিক দিক দিয়ে গ্রহণযোগ্য।

আরো তথ্য

ডক্টরস অফ দা ওয়ার্ল্ড:ক্লিনিক এবং অনুবাদিত COVID-19 তথ্য

বৃটিশ রেড ক্রস:COVID-19 টিকা: আপনার যা জানা প্রয়োজন

NHS ইংল্যান্ড:করোনাভাইরাস (COVID-19) টিকা

NHS ইনফর্ম:করোনাভাইরাস (COVID-19) টিকা

জনস্বাস্থ্য ওয়েলস:COVID-19 টিকার তথ্য